

বিজিএ/কাস/২০২৩/২৭৮

২৯ নভেম্বর, ২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ২০২৩-২০২৪ করবর্ষের রিটার্ন জমা দেয়ার সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৩০.০১১.০০৩.২০১২/৪৩১ তারিখঃ ২৯/১১/২০২৩ইং

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,


আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। বিজিএমইএ সহ অন্যান্য ব্যবসায়ী সংগঠনের আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড ২০২৩-২০২৪ করবর্ষের রিটার্ন জমা দেয়ার সময়সীমা বৃদ্ধি করে ব্যক্তি শ্রেণীর করদাতাদের বার্ষিক আয়কর রিটার্ন জমা দেয়ার শেষ সময় ৩০/১১/২০২৩ এর পরিবর্তে ৩১/০১/২০২৪ পর্যন্ত দুইমাস বৃদ্ধি করেছে এবং কোম্পানি করদাতাদের জন্য রিটার্ন জমার নির্ধারিত সময় ১৫/০১/২০২৪ এর পরিবর্তে ২৮/০২/২০২৪ পর্যন্ত নির্ধারণ করে সূত্রোক্ত আদেশ জারী করেছে।

আশা করি এই আদেশ জারীর ফলে কোম্পানির/ব্যক্তির আয়কর রিটার্ন জমা প্রদানের জন্য আর কোন সমস্যা হবে না।

প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

শূন্যবাদান্তে,



ফারুক হাসান  
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড, করনীতি উইং  
রাজস্ব ভবন  
আগারগাঁও, ঢাকা-১২০৭।  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)


নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০১১.০০৩.২০১২/৪৩১

তারিখঃ

১৪ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**আদেশ**

- জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ড ২০২৩-২০২৪ করবর্ষের জন্য করদিবসের সময়সীমা সংক্রান্ত নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:
- (ক) স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে নির্ধারিত করদিবস ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ এর পরিবর্তে ৩১ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ নির্ধারণ করিল;
- (খ) স্বাভাবিক ব্যক্তি ও আয়কর আইন, ২০২৩ এ সংজ্ঞায়িত কোম্পানি ব্যতীত অন্যান্য করদাতাদের জন্য নির্ধারিত করদিবস ৩০ নভেম্বর, ২০২৩ এর পরিবর্তে ৩১ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ নির্ধারণ করিল; এবং
- (গ) আয়কর আইন, ২০২৩ এ সংজ্ঞায়িত কোম্পানি করদাতার জন্য নির্ধারিত করদিবস ১৫ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ এর পরিবর্তে ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ নির্ধারণ করিল।

  
মোঃ মহিদুল ইসলাম চৌধুরী ২২/১১/২৩  
দ্বিতীয় সচিব (কর আইন-১)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল, ঢাকা।
- ৪। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৫। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
- ৬। কর কমিশনার, কর অঞ্চল- খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ বরিশাল/ ময়মনসিংহ/ গাজীপুর /নারায়নগঞ্জ / কুমিল্লা/বগুড়া।
- ৭। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/ কর আপীল অঞ্চল- চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ৮। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (Print and electronic media তে প্রচারের ব্যবস্থা নেয়ার অনুরোধসহ)।
- ১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। সভাপতি, বাংলাদেশ ট্যাক্স ল'ইয়ার্স এসোসিয়েশন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। সভাপতি, ঢাকা ট্যাক্স বার এসোসিয়েশন (সকল ট্যাক্স বার এসোসিয়েশনকে জানানোর অনুরোধসহ)।
- ১৩। প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), ঢাকা।
- ১৪। অফিস কপি/ গার্ড কপি।